



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০১.১৮.২৬৪

তারিখ: ৩ ভাদ্র ১৪২৭

১৮ আগস্ট ২০২০

বিষয়: সাতক্ষীরা জেলার এ্যাডভোকেট আবদুর রহমান কলেজের সাবেক অধ্যক্ষ জনাব মোহাঃ আখতারুজ্জামানের দাখিলকৃত অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৬৮ ১৬ জুন ২০২০

৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৬৮

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.২৩৩, ২৫/০৮/২০১৯ মোতাবেক সাতক্ষীরা জেলার এ্যাডভোকেট আবদুর রহমান কলেজের সাবেক অধ্যক্ষ জনাব মোহাঃ আখতারুজ্জামান অবৈধ অধ্যক্ষ জনাব শামীল উল আলমের বেতন ভাতা স্থগিত/বাতিল এবং গভর্নিং বডি'র সভাপতি আবুল হোসেন মোঃ মকছুদুর রহমানসহ গভর্নিং বডি'র বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও গভর্নিং বডি বাতিল, অধ্যক্ষ মোঃ আখতারুজ্জামানের সঙ্গে জেলা প্রশাসক সাতক্ষীরাকে কলেজের সকল হিসাব পরিচালনাসহ মাসিক বেতন বিলে স্বাক্ষরের আর্থিক ক্ষমতা প্রদান এবং অবৈধ দখলদার ভারপ্রাপ্ত অধ্যক্ষের দখলমুক্তির লক্ষ্যে ম্যাজিস্ট্রেট নিয়োগের মাধ্যমে উদ্ভূত সংকটের সার্বিক প্রতিকার করার লক্ষ্যে আবেদন করেন। বর্ণিত বিষয়ে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য সহকারী পরিচালক (কলেজ), সেন্সিপ, আঞ্চলিক কার্যালয়, খুলনাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত: ১. কোন পূর্ব নোটিশ/কোন প্রক্রিয়া ছাড়া অধ্যক্ষ জনাব মোঃ আখতারুজ্জামানকে সাময়িক বরখাস্ত করা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ শিক্ষকদের চাকরির শর্তাবলী রেগুলেশন (সংশোধিত) ২০১৯ এর ১৭ ধারা পরিপন্থী।

২. এ্যাডভোকেট আবদুর রহমান কলেজ, সাতক্ষীরার অধ্যক্ষকে সাময়িক বরখাস্ত করে যে প্রক্রিয়ায় জনাব মোঃ শামীল-উল আলমকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে সেখানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৩ ধারা সুস্পষ্ট লঙ্ঘন করা হয়েছে।

৩. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আখতারুজ্জামানকে বেতন-ভাতা প্রদান না করে কলেজের গভর্নিং বডি ও বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪; তারিখ-০৬.০৮.২০১৭খ্রি তারিখের পরিপত্র সুস্পষ্টভাবে লঙ্ঘন করেছেন।


উপর্যুক্ত বিষয়ে কলেজের গভর্নিং বডি'র সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের সত্যতা পাওয়া গেছে। এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত পরিপত্র/নির্দেশনা অমান্য করে কলেজ পরিচালনা করায় তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তদন্ত কর্মকর্তার মতামতসহ প্রতিবেদনটি পরবর্তী সদয় কার্যার্থে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৬৮ তারিখ: ১৬ জুন ২০২০ মোতাবেক সাতক্ষীরা জেলার এ্যাডভোকেট আবদুর রহমান কলেজের বর্তমান গভর্নিং বডি/গভর্নিং বডি'র সভাপতির বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া এবং নতুন গভর্নিং বডি/নতুন গভর্নিং বডি'র সভাপতির দায়িত্ব গ্রহণের পর বিধিবহির্ভূতভাবে দায়িত্বপ্রাপ্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব শামীল-উল-আলম এর বিরুদ্ধে

বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক:-

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৮.১(খ) এবং (গ) মোতাবেক কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ শামীম উল আলম এর বেতন ভাতা কেন স্থগিত করা হবে না মর্মে পত্রজারির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জবাব প্রদান করার জন্য তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হইল।



১৮-৮-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

সভাপতি

ম্যানেজিং কমিটি, এ্যাডভোকেট আব্দুর রহমান
কলেজ, সাতক্ষীরা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০১.১৮.২৬৪/১(২)


তারিখ: ৩ ভাদ্র ১৪২৭

১৮ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জনাব মোঃ আখতারুজ্জামান, অধ্যক্ষ (সাবেক), এ্যাডভোকেট আব্দুর রহমান কলেজ,
সাতক্ষীরা

২) জনাব শামীমুল আলম, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, এ্যাডভোকেট আব্দুর রহমান কলেজ, সাতক্ষীরা।



১৮-৮-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক